এরা আমাকে দু’টির মধ্যে একটি গ্রহণ করতে বাধ্য করেছে। হয় তারা আমার নিকট অভদ্রতার সাথে চাইবে অথবা তারা আমাকে কৃপণ আখ্যায়িত করবে, অথচ আমি কৃপণ নই।

‘উমার রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম কিছু
মাল বন্টন করলেন। অতঃপর আমি বললাম, ‘হে আল্লাহর রাসূল! অন্য লোকেরা এদের চেয়ে এ
মালের বেশি হকদার ছিল।’ তিনি বললেন, “এরা আমাকে দু’টির মধ্যে একটি গ্রহণ করতে বাধ্য করেছে। হয় তারা আমার নিকট অভদ্রতার সাথে চাইবে অথবা তারা আমাকে কৃপণ আখ্যায়িত করবে,
অথচ আমি কৃপণ নই।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট যে সম্পদ এসেছে তা তিনি কিছু লোকের মধ্যে বন্টন করেছেন আর কিছু লোককে দেন নি। তখন উমার রাদিয়াল্লাহু ‘আনহু তাকে বললেন, আপনি কি তাদের দিবেন না, যাদের এখনো দেন নাই, অথচ তারাই বেশি হকদার, ওদের থেকে যাদেরকে আপনি দিয়েছেন? তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, তারা তাদের ঈমানের দুর্বলতার কারণে আমার উপর চাপাচাপি করছে এবং তাদের অবস্থা এমন ছিল যে, তারা আমাকে খারাপ ভাষা ব্যবহার করে (সম্পদ) চাইবে অথবা আমাকে কৃপণ আখ্যায়িত করবে। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে প্রদান করাই পছন্দ করলেন, কারণ কৃপণতা তার চরিত্র নয়, আর তার উদ্দেশ্য হচ্ছে তাদের সাথে ভদ্রতা প্রদর্শন ও তাদের আকৃষ্ট করা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5807